

মাঠপর্যায়ের কার্যক্রমের ই-মনিটরিং রিপোর্ট


- ই-মনিটরিং এর তারিখ : ২২/০৫/২০২২
- ই-মনিটরিং এ অংশগ্রহণকারী কর্মকর্তার নাম ও পদবী : মোহাম্মদ শহীদুল্লাহ, উপসচিব (উ: ১)।
- ই-মনিটরিং এ অংশগ্রহণকৃত অফিস/প্রকল্প/কর্মসূচি/কার্যক্রম : উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, জয়পুরহাট।
- ই-মনিটরিং এ অংশগ্রহণকৃত অফিস/প্রকল্প/কর্মসূচি/কার্যক্রম এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও পদবী : সাবিনা সুলতানা, উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, জয়পুরহাট।

ই-মনিটরিং এ পরিদর্শনকৃত/পরিদর্শিত বিষয়সমূহ :

অদ্য উপপরিচালকের কার্যালয়, জয়পুরহাট ই-মনিটরিং করা হলো। উপপরিচালক জানান যে, 'WTC এর আওতায় ০৩ মাস মেয়াদে প্রশিক্ষণ কার্যক্রম চলছে। প্রশিক্ষার্থীদের দৈনিক ১০০ টাকা ভাতা প্রদান করা হয়। ভিজিডি, ল্যাকটেটিং মাদার ও মাতৃত্বকাল ভাতা বিতরণ কার্যক্রমের আওতায় এনজিও কর্তৃক সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ শুরু হয়েছে। ভিজিডি কর্মসূচির আওতায় ২০২১-২২ চক্রে জয়পুরহাট সদর উপজেলায় ১৯৮৫ জন উপকারভোগীকে মাসিক ৩০কেজি হারে চাল বিতরণ করা হচ্ছে। ল্যাকটেটিং মাদার কর্মসূচির আওতায় জয়পুরহাট পৌরসভায় ১৪০০ জন কর্মজীবী মা'কে ৩ বছর মেয়াদে মাসিক ৮০০ টাকা হারে ভাতা প্রদান করা হচ্ছে। দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা কর্মসূচির আওতায় জয়পুরহাট সদর উপজেলায় ১৩৪১ জন দরিদ্র মা'কে ৩ বছর মেয়াদে মাসিক ৮০০ টাকা হারে ভাতা প্রদান করা হচ্ছে। ক্ষুদ্রঋণ কর্মসূচির আওতায় এ যাবৎ ৯২ জনকে ১৭,০০,০০০.০০ টাকা বিতরণ করা হয়েছে। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, জয়পুরহাট জেলা ও প্রোগ্রাম অফিসার যৌতুক, বাল্য বিবাহ, নারী নির্যাতন প্রতিরোধ, নারী ও শিশু পাচার রোধ, মাদক প্রতিরোধসহ স্কুলগামী কিশোর কিশোরীরা যাতে ইভ-টিজিং এর শিকার না হয় সে লক্ষ্যে নিয়মিত উঠান বৈঠক আয়োজন করছেন।

মন্তব্য/সুপারিশ :

বিভাগীয় কার্যক্রমসহ সকল কার্যক্রম ই-নথি ও অনলাইনে করার সুপারিশ করা হলো।


(মোহাম্মদ শহীদুল্লাহ)

উপসচিব (উ: ১)
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়